# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মন্ত্রিপরিষদ বিভাগ

### প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ জ্যৈষ্ঠ ১৪১৭/০২ জুন ২০১০

নং- ০৪.৬১১.০০৬.০০.০০.০০২.২০১০-৯৩- দারিদ্র বিমোচন এবং সামাজিক খাতের উন্নয়নকে অধিক গুরুত্ব দিয়ে সরকার কর্তৃক গৃহীত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় প্রকৃত সুবিধাভোগীরা যাতে সুবিধা পান এবং সুবিধাভোগী নির্বাচনে দ্বৈততা পরিহারের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাজেট, কর্মসূচি বাস্ত-বায়ন এবং উপকারভোগীর সংখ্যা ও তালিকা কেন্দ্রীয়ভাবে মনিটরিং- এর জন্য সরকার নিম্নরূপ একটি 'কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি' গঠন করিয়াছে ঃ-

২। **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | আহবায়ক |
| (২) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| (৬) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৯) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সদস্য |
| (১১) | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (১৩) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৭) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৮) | সচিব, খাদ্য বিভাগ | সদস্য |
| (১৯) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (২০) | সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (২১) | অতিরিক্ত সচিব ( প্রশাসনিক সংস্কার, বাস্তবায়ন ও মনিটরিং) মন্ত্রিপরিষদ বিভাগ। | সদস্য-সচিব |

১৭

৩। **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/ বিভাগের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাজেট পর্যালোচনা;

(২) সকল মন্ত্রণালয়/ বিভাগের সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কর্ম-পরিকল্পনা পরীক্ষা ও সমন্বয়;

(৩) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের উপকারভোগী নির্বাচনের নীতি, পদ্ধতি এবং তালিকা পর্যালোচনা;

(৪) মাঠপর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান;

(৫) অর্থ বিভাগ কর্তৃক উপকারভোগীর তালিকা প্রণয়ন কার্যক্রম পর্যালোচনা ও নির্দেশনা প্রদান;

(৬) সার্বিক কার্যাদি পরিবীক্ষণ।

৪। কমিটি প্রয়োজনবোধে অন্য সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৫। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহের কর্মকর্তাগণের সমন্বয়ে প্রস্তাবিত ওয়ার্কিং কমিটি গঠনের বিষয়টি 'কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি' বিবেচনা করিবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ নূরুল করিম )
যুগ্ম-সচিব (কমিটি)

<u>বিতরণ ঃ</u>

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় , তেজগাঁও , ঢাকা।

২। সচিব............................................................ ...মন্ত্রণালয়/বিভাগ।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য ।

৪। ...................................................................

৫। একান্ত সচিব, ....................................................................মন্ত্রণালয়/বিভাগ। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৬। উপনিয়ন্ত্রক,বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,তেজগাঁও, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যার অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০(দুইশত) কপি জরুরীভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৭। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।